

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৩.২০.০০১.১৭- ১৩৯(৭)

তারিখঃ ০২/০৭/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ চলতি ২০১৭-১৮ অর্থ বছরে পুনর্ভরণ খাতে চাহিদা প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, অভ্যন্তরীণ সংগ্রহ কার্যক্রমের আওতায় জেলা/উপজেলা পর্যায়ে ক্রয়কৃত ধান/চাল ও গম এর মূল্য পুনর্ভরণ, কমিশন ও ব্যাংক ঋণ খাদ্য হিসাব খাতের অর্থ পরিশোধ করা হয়ে থাকে। প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রাপ্তির জন্য বিভিন্ন স্থাপনা হতে ভিন্ন ভিন্নভাবে চাহিদাপত্র প্রেরণের কারণে অভ্যন্তরীণ সংগ্রহের বিভিন্ন কোড ও খাতে অর্থ বরাদ্দের ক্ষেত্রে জটিলতার সৃষ্টি হয়। এ জটিলতা নিরসনের নিমিত্ত সকল স্থাপনা হতে সুসম চাহিদাপত্র পাওয়ার লক্ষ্যে মাঠ পর্যায়ে অত্র দপ্তর হতে 'ছক' সরবরাহ করা হয়। কিন্তু লক্ষ্য করা গিয়েছে যে, চাল ও গম ক্রয় পূর্ববর্তী বছর ও ব্যাংক ঋণ খাদ্য হিসাব খাতের ক্ষেত্রে পুঙ্খানুপুঙ্খভাবে বাস্তব রেকর্ড পত্রের আলোকে সঠিক চাহিদা প্রেরণ করার কথা থাকলেও অর্থ বছর শেষে বরাদ্দকৃত অর্থের পূর্ণাঙ্গ ব্যয় নিশ্চিত হচ্ছে না। ফলে বকেয়া খাতে পরবর্তী অর্থ বছরের বাজেটের উপর প্রচুর প্রভাব পড়ে। এমতাবস্থায়, নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করে সংযুক্ত ছক (ক, খ, গ ও ঘ) মোতাবেক চলতি ২০১৭-১৮ অর্থ বছরের চাহিদা প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

(ক) জেলা খাদ্য নিয়ন্ত্রক তাঁর আওতাধীন উপজেলাসমূহে চলতি খাতের চাহিদা সমন্বিত করে সর্বশেষ প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে প্রেরণ করবেন।

(খ) বোরো সংগ্রহ-২০১৭ ও গম সংগ্রহ-২০১৭ এর ৩০জুন/২০১৭ পর্যন্ত সংগ্রহের বিপরীতে অপরিশোধিত মূল্য ও কমিশনের অর্থের চাহিদা বাস্তব রেকর্ডপত্রের আলোকে সঠিক হিসাব করে একত্রে চলতি ২০১৭-১৮ অর্থ বছরে ১৬জুলাই/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে। ব্যত্যয়ে দায় এড়ানোর সুযোগ থাকবে না।

(গ) বোরো সংগ্রহ-২০১৭ ও গম সংগ্রহ-২০১৭ ব্যতিত ৩০জুন/২০১৭ খ্রিঃ তারিখের পূর্ববর্তী সময়ের বকেয়া চাহিদা(যদি থাকে) গ্রহণযোগ্য ব্যাখ্যাসহ প্রেরণ করতে হবে।

(ঘ) প্রত্যেকটি উপজেলা হতে চাহিদাপত্র জেলা খাদ্য নিয়ন্ত্রকের মাধ্যমে প্রেরিত হতে হবে নতুবা আমলে নেয়া হবে না।

(ঙ) কোন জেলা হতে মাসের ০৫ তারিখের মধ্যে ক্রেটি-বিচ্যুতি বিহীন সমন্বিত চাহিদাপত্র পাওয়া না গেলে ঐ মাসে সংশ্লিষ্ট জেলার চাহিদা "শূণ্য" হিসেবে গণ্য করা হবে।

(চ) চাহিদাপত্রে ভুল তথ্য সন্নিবেশিত করা হলে অর্থ বরাদ্দ প্রদান বন্ধ রেখে ব্যাখ্যা তলব করা হবে।

সংযুক্তঃ ছক ০১ (এক) পাতা।

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক  
ঢাকা/চট্টগ্রাম/রংপুর/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট।  
(আওতাধীন সকল দপ্তরে পত্রটি পৃষ্ঠাংকনপূর্বক প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

(স্বপণ কৃষ্ণ বনিক)  
পরিচালক  
ফোন নং-৯৫৫৬৩০৬  
০২/০৭/২০১৭

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৩.২০.০০১.১৭-১৩৯(৭)/১(৩)

তারিখঃ ০২/০৭/২০১৭ খ্রিঃ

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থেঃ

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

২। উপ-সচিব (অভ্যঃ সংগ্রহ), খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে এ প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

(স্বপণ কৃষ্ণ বনিক)  
পরিচালক  
০২/০৭/২০১৭

